গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(প্রতিষ্ঠান অধিশাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

স্মারক নং : ৪১.০১.০০০০.০৫২.০২.০০২.২০.১০৪ তারিখ চৈত্র ১৪৩২ / মার্চ ২০২৬

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে বাজেটে ১২০০১৩৪০১-"বেসরকারি এতিমখানা"র ১ম কিস্তির (জুলাই ২০২৫ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদান।**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নম্বর- ৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৩.১৭ (অংশ-২). ১৯০ তারিখ: ১৫ মার্চ ২০২৬ এর পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটে ১২০০১৩৪০১-'বেসরকারি এতিমখানা' এর ৩২৫৪১০২-'খাদ্যদ্রব্য' খাতে বরাদ্দকৃত ২৮০.০০ কোটি (দুইশত আশি কোটি) টাকার মধ্যে ১ম কিস্তির অংশ ১৪০.০০ কোটি (একশত চল্লিশ কোটি) টাকা হতে এতদসঙ্গে সংযুক্ত ০৩ টি বেসরকারি এতিমখানার ৬৭ (সাতষট্টি) জন এতিম শিশুর অনুকূলে (জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত) ০৬ (ছয়) মাসের জন্য ১ম কিস্তির মাসিক জনপ্রতি মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে (২,০০০x৬x৬৭)= ৮,০৪,০০০ (আট লক্ষ চার হাজার) টাকা বরাদ্দের সরকারি মঞ্জুরি প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় ও উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত আয়ন-ব্যয়ন কর্মকর্তার বরাবরে ন্যস্ত করা হলো।

২. উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার তাঁর কার্যালয়ের আওতাধীন বরাদ্দপ্রাপ্ত বেসরকারি এতিমখানার বিলের বিপরীতে অর্থ উত্তোলন করে স্থানীয় "সোনালী ব্যাংক/তফশীল ব্যাংক" 'বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন গ্র্যান্ট' শিরোনামে একটি চলতি হিসাবে জমা করবেন এবং উক্ত হিসাব হতে "ক্রস চেক" এর মাধ্যমে সংশ্লিষ্ট এতিমখানার অনুকূলে অর্থ প্রদান করবেন। এ ক্ষেত্রে লক্ষ্যণীয় যে, বিলের অর্থ প্রদানে অহেতুক বিলম্ব গ্রহণযোগ্য নয়।

৩. ক্যাপিটেশন গ্র্যান্ট বাবদ মাথাপিছু মাসিক বরাদ্দকৃত ২,০০০/- টাকা হতে খাদ্য বাবদ ১,৬০০/- টাকা, পোযাক বাবদ ২০০/- টাকা এবং ওষুধ ও অন্যান্য বাবদ ২০০/- টাকা হারে ব্যয় হবে। বরাদ্দকৃত অর্থের যথাযথ হিসাব আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।

৪. বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শর্তাবলী নিম্নরূপঃ

ক. ন্যূনতম ১০ জন এতিম নিবাসী নেই এমন কোন এতিমখানার জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেওয়া যাবে না;

খ. সমাজসেবা অধিদফতরের নিবন্ধনকৃত নয় অথবা এতিম ও দুস্থ শিশু নেই এমন কোন এতিমখানাকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেওয়া যাবে না;

গ. ১৮ বছরের উর্দ্ধে কোন এতিম ও দুস্থকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেওয়া যাবে না;

ঘ. যে সব এতিমখানার বিরুদ্ধে মামলা। অভিযোগ আছে তাদের মামলা। অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;

ঙ. উপরিউক্ত শর্ত বা শর্তাদির সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট এতিমখানার জন্য গ্র্যান্ট স্থগিত রেখে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় সমাজক/ধ্য মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদপ্তরকে অবহিত করবেন;

৫. ১ম কিস্তিতে মাথাপিছু এতিমের জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ৬ (ছয়) মাসের জন্য ১২০০০/- (বারো হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কোন এতিমখানার ক্ষেত্রে বরাদ্দকৃত এতিমের আসন সংখ্যা এবং মঞ্জুরিকৃত টাকার অংকের মধ্যে কোন গড়মিল পরিলক্ষিত হলে অথবা কোন ধরনের অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট উপপরিচালক সে বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদপ্তরকে অবিলম্বে অবহিত করবেন।

সংযুক্ত: বরাদ্দকৃত তিনটি প্রতিষ্ঠানের নামের তালিকা (১ পাতা)

Mahbub ১৬/৩/২৬
শাহ মোহাম্মদ মাহবুব
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
dg@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০৬২,২০,০৫৯.১৮.৭২/১ (১০)

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১.পরিচালক (প্রশাসন ও অর্থ/ কার্যক্রম। সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২.পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা/চট্টগ্রাম
৩.মাননীয় মন্ত্রী / প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪ .সচিব একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫.উপপরিচালক (প্রকাশনা, মূল্যায়ণ ও গবেষণা), সমাজসেবা অধিদফতর, ঢাকা। তাঁকে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ
৬.উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়..................
৭.উপজেলা নির্বাহী কর্মকর্তা.............
৮.জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার.............
৯.উপজেলা সমাজসেবা কার্যালয়..............
১০.উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা..............

২৮.৩.১৮

সমীর মল্লিক
পরিচালক (প্রতিষ্ঠান)
ফোন:+০০৫৫০০৭১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা-২ শাখা
বাংলাদেশসচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৩.১৭(অংশ-২).১৯০

তারিখ: ০১ চৈত্র, ১৪৩২ / ১৫ মার্চ, ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ১২০০১৩৪০১-'বেসরকারি এতিমখানা'র ১ম কিস্তি (জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত) ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি প্রদান।**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ১২০০১৩৪০১-'বেসরকারি এতিমখানা' এর ৩২৫৪১০২-'খাদ্যদ্রব্য' খাতে বরাদ্দকৃত ২৮০.০০ কোটি (দুইশত আশি কোটি) টাকার মধ্যে ১ম কিস্তির অংশ ১৪০.০০ কোটি (একশত চল্লিশ কোটি) টাকা হতে এতদসঙ্গে সংযুক্ত ০৩ টি বেসরকারি এতিমখানার ৬৭ (সাতষট্টি) জন এতিম শিশুর অনুকূলে (জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত) ০৬ (ছয়) মাসের জন্য ১ম কিস্তির মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে (২,০০০×৬×৬৭)= ৮,০৪,০০০ (আট লক্ষ চার হাজার) টাকা বরাদ্দের সরকারি মঞ্জুরি এতদ্বারা জ্ঞাপন করছি। মঞ্জুরিকৃত অর্থ মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর ন্যস্ত করা হলো।

০২। প্রত্যেক এতিমখানার নামে পৃথক ক্রস চেকের মাধ্যমে অনুদানের টাকা পরিশোধ করতে হবে।
০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৫/০৩/২০২৬
(মুহাঃ আবু তাহির)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫৩৪
E-mail: sss@msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৩.১৭(অংশ-২).১৯০ (১/৬)

তারিখ: ০১ চৈত্র, ১৪৩২ / ১৫ মার্চ, ২০২৬

**অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। এতিমখানার শিশুদের জন্য মঞ্জুরিকৃত অর্থ নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলো। (গ্র্যান্টপ্রাপ্ত এতিমখানার তালিকা ০১ সেট সংযুক্ত করা হলো)
(ক) ন্যূনতম ১০ জন এতিম নিবাসী নেই এমন কোন এতিমখানার জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(খ) সমাজসেবা অধিদফতরের নিবন্ধনকৃত নয় অথবা এতিম শিশু নেই এমন কোন এতিমখানাকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(গ) ১৮ বছরের উর্দ্ধে কোন এতিমকে ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(ঘ) যেসব এতিমখানার বিরুদ্ধে মামলা/অভিযোগ আছে তাদের মামলা/অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ দেয়া যাবে না;
(ঙ) উপরিউক্ত শর্ত বা শর্তাদির সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট এতিমখানার জন্য গ্র্যান্ট স্থগিত রেখে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরকে অবহিত করবেন;
(চ) ১ম কিস্তিতে মাথাপিছু এতিমের জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ৬ (ছয়) মাসের জন্য ১২,০০০/- (বারো হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কোন এতিমখানার ক্ষেত্রে বরাদ্দকৃত এতিমের আসন সংখ্যা এবং মঞ্জুরিকৃত টাকার অংকের মধ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে অথবা অন্য কোন অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট উপপরিচালক সে সম্পর্কে এ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরকে অবিলম্বে অবহিত করবেন।

২। অতিরিক্ত সচিব (কার্যক্রম ও কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: উপসচিব (বাজেট) iBASS++ এর এন্ট্রির অনুরোধসহ)
৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।

১৫/০৩/২০২৬
(মুহাঃ আবু তাহির)
সিনিয়র সহকারী সচিব

২০২৫-২৬ অর্থবছরের বেসরকারি এতিমখানার এতিম শিশুদের জন্য ১ম কিস্তি (জুলাই ২০২৫ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত) বাবদ ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও মঞ্জুরি

| ক্রম | এতিমখানার নাম ও ঠিকানা | উপজেলা/থানা/ইউসিডি | শিশুর সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ইক্বরানগরী ইসলামিয়া ইউনুছিয়া মাদ্রাসা ও এতিমখানা, দেবিদ্বার, কুমিল্লা | দেবিদ্বার, কুমিল্লা | ২৩ | ২,৭৬,০০০ |
| ২ | দারুল উলুম হেফজখানা এতিমখানা, পরানিয়াপাড়া, সদর, কক্সবাজার | সদর, কক্সবাজার | ২৫ | ৩,০০,০০০ |
| ৩ | ইছাখালী দারুল মাছাকিন ইসলামিয়া এতিমখানা, পলাশ, নরসিংদী | পলাশ, নরসিংদী | ১৯ | ২,২৮,০০০ |
| | | মোট= | ৬৭ | ৮,০৪,০০০ |

২৫/০৬/২০২৬
মুহাঃ আবু তাহির
সিনিয়র সহকারী সচিব
সামাজিক নিরাপত্তা শাখা-২
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার